NEW YORK STATE | Department of Health

# হসপিস-এর সাথে কী কী পরিষেবা পাওয়া যায়?

**বিশেষজ্ঞদের একটি দল রোগীদের সামগ্রিক সহায়তা প্রদান করে, যা কোনো একটি উপসর্গ বা শরীরের অংশের উপর মনোযোগ কেন্দ্রীভূত না করে, বরং সম্পূর্ণ মানুষটির চিকিৎসা করে। হসপিস (Hospice) প্রতিটি রোগীর অনন্য চাহিদা পূরণ করে, তাদের শারীরিক, মানসিক, সামাজিক এবং আধ্যাত্মিক সুস্থতার পরিচর্যা করে।**

## পরিচর্যার মধ্যে থাকতে পারে:

- নার্সিং কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ
- একজন রেজিস্টার্ড নার্স (registered nurse, RN) বা লাইসেন্সপ্রাপ্ত প্র্যাকটিক্যাল নার্স (licensed practical nurse, LPN)-এর পর্যায়ক্রমিক পরিদর্শন
- একজন সার্টিফাইড হোম হেলথ এইড (home health aide, HHA) কর্তৃক ব্যক্তিগত পরিচর্যায় সহায়তা
- একজন হসপিস মেডিকেল ডিরেক্টর দ্বারা পরিচর্যার তত্ত্বাবধান
- মানসিক এবং বাস্তব জীবনের সমস্যাগুলির জন্য একজন সমাজকর্মীর সহায়তা
- আধ্যাত্মিক এবং বিশ্বাস-ভিত্তিক সহায়তা
- চিকিৎসা সরঞ্জাম এবং ঔষধপত্র
- প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকদের দ্বারা সহায়তা, সমর্থন এবং সঙ্গদান
- শোক সহায়তা এবং পরামর্শদান

## হসপিস পরিষেবা কোথায় প্রদান করা হয়?

- রোগী বা পরিচর্যাকারীর বাড়িতে
- হাসপাতাল
- নার্সিং হোম
- সহায়তাসম্পন্ন বসবাস কেন্দ্র
- হসপিস রেসিডেন্স

## হসপিস-এর খরচ কে বহন করে?

- Medicare, Medicare হসপিস বেনিফিটের মাধ্যমে
- Medicaid
- বেশিরভাগ বাণিজ্যিক স্বাস্থ্য বীমা
- যেহেতু বেশিরভাগ হসপিস অলাভজনক, তাই উপহার এবং অনুদান প্রায়শই বিভিন্ন প্রোগ্রাম, প্রোজেক্ট এবং পরিচর্যার খরচ মেটাতে সাহায্য করে

# কারা **হসপিস পরিষেবা** পাওয়ার যোগ্য?

**যেসব ব্যক্তির ক্ষেত্রে:**

- গত 6 মাসে দুই বা তার বেশিবার আপৎকালীন বিভাগে ভিজিট এবং/অথবা হাসপাতালে ভর্তি
- কার্যক্ষমতায় ক্রমাগত হ্রাস
- গত 6 মাসে 10%-এর বেশি অপরিকল্পিতভাবে ওজন হ্রাস
- শরীরের বিভিন্ন অংশের ক্রমবর্ধমান বা বারবার ফোলা
- শ্বাসকষ্টের সাথে সম্পর্কিত বুকে ব্যথা
- স্ট্রোক বা অ্যামায়োট্রফিক ল্যাটারাল স্ক্লেরোসিস (amyotrophic lateral sclerosis, ALS)-এর কারণে গিলতে অসুবিধা, বা গিলার সময় বিষম খাওয়া
- অনিয়মিত হৃদস্পন্দন যা চিকিৎসার পরেও ভালো হয় না
- ডিমেনশিয়া, যার সাথে কথা বলার এবং হাঁটার অক্ষমতা রয়েছে
- অনিয়ন্ত্রিত ব্যথা, বমি বমি ভাব, শ্বাসকষ্ট
- অস্বস্তিকর বা অকার্যকর চিকিৎসা বন্ধ করার ইচ্ছা
- আরাম এবং জীবনযাত্রার মানের উপর মনোযোগ দেওয়ার ইচ্ছা
- **চিকিৎসকের দ্বারা ছয় মাসের কম আয়ুষ্কালের বিষয়টি নিশ্চিতকরণ**

**একজন রোগী কীভাবে হসপিস কেয়ার পেতে পারেন?**

- রোগীর সাথে পরিচিত যে কেউ হসপিস-এর জন্য রেফার করতে পারেন। এর মধ্যে রয়েছেন রোগী নিজে—পাশাপাশি তার পরিবারের সদস্য, বন্ধু, স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী এবং সমাজসেবা সংস্থা।
- আপনি যদি রোগী হন, তাহলে হসপিস কেয়ার নেওয়ার সময় আপনার তত্ত্বাবধানের জন্য একজন স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী বা নার্স প্র্যাকটিশনারের প্রয়োজন হবে। এর মানে হল যে আপনি প্রায়শই আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে রাখতে পারবেন।


**হসপিস ও প্যালিয়েটিভ কেয়ার কেন্দ্র (Center for Hospice & Palliative Care)**

**বার্ধক্য ও দীর্ঘমেয়াদী পরিচর্যা সংক্রান্ত দপ্তর (Office of Aging and Long-Term Care)**

**ইমেল:** CHPC@health.ny.gov

**ফোন:** (518) 807-7848


health.ny.gov/hospice


#14202 (Bengali)

NEW YORK STATE Department of Health

11/2025